

চলমান করোনা ভাইরাস সংক্রমণের প্রভাবে যারা চাকরি বিচ্যুত হয়েছেন বা বেকারত্বের কারণে অর্থনৈতিক ভাবে জীবনযাপন নিয়ে চিন্তিত আছেন এমন সবাই :


2021/11/24

অস্থায়ী জরুরী ক্ষুদ্র ঋণ তহবিল এর নিয়মাবলী

প্রতিটি প্রিফেকচারে সমাজকল্যাণমূলক পরিষদ একটি জীবন কল্যাণ ঋণ তহবিলের কার্যক্রম গ্রহণ করেছে যা স্বল্প আয়ের পরিবারগুলিকে জীবনযাত্রার ব্যয়ের মতো প্রয়োজনীয় তহবিল সমূহের জন্য অস্থায়ী ভাবে ঋণ দিবে। করোনা ভাইরাসের মহামারীর প্রভাবের কারণে, ঋণ নিতে পারবে এমন পরিবারের সংখ্যা স্বল্প আয়ের পরিবার থেকে অ-স্বল্প আয়ের পরিবার পর্যন্ত বৃদ্ধি করা হবে। এছাড়াও এই কার্যক্রমের অংশ হিসেবে, যে সকল পরিবার সমূহ করোনা ভাইরাসের মহামারীর কারণে চাকরি বিচ্যুত হয়েছেন অথবা বেকার হয়ে চরম ভাবে অর্থনৈতিক মন্দা গ্রস্ত, তাদেরকে **বিশেষ বিবেচনায় জরুরী ভিত্তিতে মৌখিক যোগ্য ক্ষুদ্র তহবিল** সমাহতা দেয়া হবে।

এই বিশেষ ঋণ ব্যবস্থার ব্যাপারে বিস্তারিত জানার জন্য দয়া করে পিছনের পাতায় দেখুন। এছাড়াও, সুনির্দিষ্ট ভাবে নিশ্চিত হবার জন্য দয়া করে নীচের ঠিকানা সমূহের সাথে যোগাযোগ করুন।

ঋণ সহায়তার আবেদন প্রক্রিয়া



আবেদনের ঠিকানা

সেন্ডাই সিটি কাউন্সিল অফ সোশ্যাল ওয়েলফেয়ার

অনুগ্রহ করে আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন। সরাসরি দেখা করে আলাপ করতে আসবেন না।

070-1398-1681 / 070-3105-3485

080-9190-5476 / 090-6088-4507

080-9190-2546 / 080-7998-2206

080-4478-5025 / 090-6071-5795

যোগাযোগের সময় (অফিস খোলার দিন 9: 00-16: 00) • উপরোক্ত যোগাযোগের ঠিকানা সমূহ 2022সালের মার্চ মাসের ৩১ তারিখ পর্যন্ত ব্যবহৃত হবে।

সহায়তার প্রয়োজন হলে সেন্ডাই মাল্টিকালচারাল সেন্টার এর সাথে যোগাযোগ করুন। 022-224-1919 (9: 00-17: 00)

এই বিশেষ ব্যবস্থার অংশ হিসেবে যে সমস্ত পরিবার সমূহকে পৌর কর থেকে অব্যাহতি দেয়া হয়েছে এবং স্বল্প আয়ের জীবনযাত্রা অব্যাহত রয়েছে শুধু মাত্র তাহাদেরকে ঋণের অর্থ ফেরত দেয়ার নির্ধারিত সময় শেষ হলে ঋণ থেকে অব্যাহতি দেয়া হতে পারে।

যে সকল প্রচলিত শর্ত সমূহ শিথিল করা হয়েছে সেগুলো লাল রঙে লিখা হয়েছে।

মূলত যারা চাকরি থেকে বিচ্যুত হয়েছেন তাদের জন্য (জরুরি ক্ষুদ্র-তহবিল)

জরুরি ঋণ সহায়তা গুলো সহজ করা হবে শুধু মাত্র সে সকল পরিবার সমূহের জন্য যাহাদের করোনা ভাইরাস মহামারির কারণে আর্থিক অসচ্ছলতার সম্মুখীন হয়ে জীবনযাপন করা কঠিন হয়ে পরেছে।

■ প্রযোজ্য পরিবারগুলি যে সকল পরিবার সমূহ করোনা

ভাইরাস মহামারীর কারণে চাকরি বিচ্যুত হয়েছেন, স্বাভাবিক

রোজগার কমে গিয়েছে। ইত্যাদি, কারণে যদি আপনার জীবনযাত্রা

স্বাভাবিক রাখার জন্য অর্থ সহায়তা প্রয়োজন হয়।

※ এটি নিম্ন-আয়ের পরিবার গুলোকে পূর্ববর্তী সীমাবদ্ধতার থেকে সম্প্রসারণ। ※ কোনও পরিবারের যদি করোনা ভাইরাস মহামারীর কারণে রোজগার কমে যায়, এমন কি শ্রমজীবী ব্যক্তির চাকরিও সাময়িকভাবে বন্ধ হয়নি। তার পরও ওই পরিবার এই ঋণ সহায়তা আবেদনের জন্য উপযুক্ত।

■ সর্বোচ্চ ঋণের পরিমাণ 200,000 ইয়েন ঋণ তহবিল : শিশুদের

ক্ষুল বন্ধ হবার কারণে যাদের রোজগার কমে গিয়েছে বা একক ব্যক্তি

মালিক হয়ে ব্যবসায় নিয়োজিত ব্যক্তির রোজগার কমে গিয়েছে। অনন্য

ক্ষতে 100,000 ইয়েন।

※ * বিশেষ ক্ষেত্রে, 200,000 ইয়েন ঋণ দেওয়ার ব্যবস্থা সংযোজন করা হয়েছে।

■ অন্তর্বর্তী সময়কাল এক বছরের মধ্যে

※ এটি পূর্ব সময় থেকে 2 মাস সম্প্রসারণ করা হয়েছে।

※ 2022 সালের ডিসেম্বর মাসের পূর্বে ঋণ খালাস করার নির্ধারিত সময় সীমা 2022 সালের ডিসেম্বর মাস অবধি বাড়ানো হয়েছে।

■ ঋণ পরিশোধের সময়সীমা দুই বছরের মধ্যে।

※ এটি পূর্ববর্তী সময়ের থেকে 12 মাস দীর্ঘায়িত করা হয়েছে।

■ ঋণের সুদ / গ্যারান্টার 0% / প্রয়োজন নেই

■ আবেদন করতে:

সেন্ডাই সিটি কাউন্সিল অফ সোশ্যাল ওয়েলফেয়ার

মূলত যেসব পরিবার বেকার হয়ে পড়েছেন তাদের জন্য (সাধারণ সহায়তা তহবিল) *

※ সাধারণ সহায়তা তহবিল থেকে জীবনযাত্রার ব্যয়ের সহায়তা

পরিবারের সদস্যরা তাদের স্বাভাবিক জীবিকা নির্বাহ করতে সক্ষম না হওয়া পর্যন্ত জীবনযাত্রার জন্য প্রয়োজনীয় ঋণ সহায়তা প্রদান করা হবে।

■ ঋণ সহায়তা পাবার যোগ্য পরিবার

করোনা ভাইরাস মহামারী দ্বারা আক্রান্ত পরিবারগুলি যাদের

রোজগার কমে গিয়েছে বা বেকার হয়ে যাওয়ার কারণে

আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে জীবন যাপন কঠিন হয়ে পড়েছে।

※ পূর্ববর্তী সীমাবদ্ধতার সম্প্রসারণ করে এটি নিম্ন-আয়ের পরিবার গুলোকেও সংযুক্ত করেছে।

※ কোন পরিবারের যদি করোনা ভাইরাস মহামারীর কারণে রোজগার কমে যায়, এমন কি শ্রমজীবী ব্যক্তির চাকরিও সাময়িকভাবে বন্ধ হয়নি। তার পরও ওই পরিবার এই ঋণ সহায়তা আবেদনের জন্য উপযুক্ত।

■ সর্বোচ্চ ঋণের পরিমাণ

• (দুই বা ততোধিক ব্যক্তি) ¥ 200,000 / মাস

• (একক ব্যক্তি) ¥ 150,000 / মাস

ঋণের সময়কাল: নীতিগতভাবে 3 মাসের মধ্যে

■ অন্তর্বর্তী সময়কাল এক বছরের মধ্যে

※ এটি পূর্ব সময় থেকে 6 মাস সম্প্রসারণ করা হয়েছে।

※ 2022 সালের ডিসেম্বর মাসের পূর্বে ঋণ খালাস করার নির্ধারিত সময় সীমা 2022 সালের ডিসেম্বর মাস অবধি বাড়ানো হয়েছে।

■ ঋণ পরিশোধের সময়সীমা 10 বছরের মধ্যে

■ ঋণের সুদ / গ্যারান্টার

0% / প্রয়োজন নেই

■ আবেদন করতে:

সেন্ডাই সিটি কাউন্সিল অফ সোশ্যাল ওয়েলফেয়ার

জাপানি নয়, এমন ক্ষেত্রে যাদের পার্মানেন্ট ভিসা রয়েছে অথবা বিশেষ পার্মানেন্ট ভিসা রয়েছে তাহারা এই ঋণ সহায়তার জন্য আবেদন করতে পারবেন।